

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এফ,ই সাকুলার নং ০৮

বৈশাখ ০৭, ১৪১৭  
তারিখ :-----  
এপ্রিল ২০, ২০১০

বৈদেশিক মুদ্রা লেনদেনের  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

সরকার ঘোষিত দ্বিতীয় প্রণোদনা প্যাকেজের আওতায় আলু রপ্তানির ক্ষেত্রে রপ্তানি  
ভর্তুকী/নগদ সহায়তা ১০% এর স্থলে ২০% এ উন্নীতকরণ প্রসংগে।

অত্র বিভাগ কর্তৃক জারিকৃত [এফ,ই সাকুলার নং ১৪](#), তারিখ [সেপ্টেম্বর ০৭, ২০০৯](#) এর প্রতি দৃষ্টি  
আকর্ষণ করা যাচ্ছে।

সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আলু চাষীদের ন্যায্য মূল্য নিশ্চিত করার লক্ষ্যে এবং রপ্তানি  
বৃদ্ধিকল্পে এপ্রিল ০১, ২০১০ থেকে জুন ৩০, ২০১০ পর্যন্ত সময়ে জাহাজীকৃত আলু রপ্তানিখাতে নগদ সহায়তার  
হার ১০% হতে বৃদ্ধি করে ২০% এ উন্নীত করা হলো। তবে ২০১০-২০১১ অর্থ বছরে আলু রপ্তানির বিপরীতে  
নগদ সহায়তা যথারীতি ১০% বহাল থাকবে।

আলু রপ্তানির বিপরীতে নগদ সহায়তা পরিশোধের বিষয়ে প্রযোজ্য সংশ্লিষ্ট সকল এফ,ই সাকুলার/সাকুলার  
পত্রের শর্তাবলী অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদনুসারে অবহিতকরণের জন্য অনুরোধ করা  
যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার আব্দুস সেলিম)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৩৭৫